

## ■■ শুতাবুল ঈমান (ঈমানের শাখাসমূহ)

বিভাগ/অধ্যায়ঃ ঈমানের শাখাসমূহ রচয়িতা/সঙ্কলকঃ ইমাম বাইহাকী

শাখা-৫০. জামাআতবদ্ধ জীবন যাপন

আল্লাহ্ সুবহানাহু তা'আলা ইরশাদ করেন

وَاعْتَصِمُوا بِحَبْلِ اللَّهِ جَمِيعًا وَلَا تَفَرَّقُوا

'তোমরা দৃঢ়ভাবে আল্লাহ্র রশিকে আঁকড়ে ধর, পরস্পর বিচ্ছিন্ন হয়ো না।[১] আবু হুরাইরা (রাঃ) থেকে বর্ণিত। রাসূলুল্লাহ্ (সা.) বলেছেন,

مَنْ خَرَجَ مِنَ الطَّاعَةِ وَفَارَقَ الْجَمَاعَةَ ثُمَّ مَاتَ مَاتَ مِيتَةً جَاهِلِيَّةً

"যে ব্যক্তি জামা'আত থেকে বিচ্ছিন্ন হলো এবং আনুগত্য পরিহার করলো অতপর মারা গেল, তার মৃত্যু হলো জাহেলিয়াতের মৃত্যু।[২]

আরফাজা ইবনু শুরাইহ্ আল জুহানী (রাঃ) থেকে বর্ণিত, রাসূলুল্লাহ (সা.) বলেছেন,

ستكون بعدي هناة وهناة فمن رأيتموه يفرق أمر أمة محمد وهي جميع فاقتلوه كائنا من كان من الناس 'আমার পরে যে ব্যক্তি উম্মতে মুহাম্মাদীর ঐক্য-সংহতি বিনষ্ট করতে চাবে এবং জামা আতকে ছিন্নভিন্ন করতে চাবে তাকে তোমরা হত্যা করবে।[৩]

## ফুটনোট

- [১]. সুরা আলে ইমরান, আয়াত : ১০**৩**।
- [২]. সহীহ মুসলিম।
- [৩]. সহীহ মুসলিম, ইমারাহ্ (নেতৃত্ব) অধ্যায়।

• Source — https://www.hadithbd.com/books/link/?id=12348

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন